# মীন কথিকা

সেপ্টেম্বর
২০২১

গাজীপুর জেলার মৎস্য
উন্নয়ন বিষয়ক
নিউজলেটার










মৎস্য অধিদপ্তর, গাজীপুর

# মীন কথিকা

**গাজীপুর জেলার মৎস্য উন্নয়ন বিষয়ক নিউজলেটার নিউজলেটার**

সেপ্টেম্বর সংখ্যা

**কনসেপ্ট ও প্রধান সম্পাদক**

জনাব মুহাম্মদ দেলোয়ার হোসেন, জেলা মৎস্য কর্মকর্তা, গাজীপুর

**সম্পাদনা পরিষদ**

জনাব মোঃ হারুন-অর-রশিদ, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কাপাসিয়া, সভাপতি
জনাব জান্নাতুন শাহীন, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গাজীপুর সদর
জনাব মোঃ আশরাফুল্লাহ, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শ্রীপুর, গাজীপুর
জনাব মোঃ সলিমুল্লাহ্, উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা.)
জনাব মাসুদ রানা, সম্প্রসারণ কর্মকর্তা, এনএটিপি২ প্রকল্প, সদস্য-সচিব

**প্রচ্ছদ**

জনাব মুহাম্মদ দেলোয়ার হোসেন, জেলা মৎস্য কর্মকর্তা, গাজীপুর

প্রকাশনায়

জনাব মুহাম্মদ দেলোয়ার হোসেন, জেলা মৎস্য কর্মকর্তা, গাজীপুর

# মুখবন্ধ

কোন অধিদপ্তরের জেলার কর্মকান্ড উপস্থাপনের জন্য সম্ভবত এটিই বাংলাদেশের প্রথম নিউজলেটার। যেহেতু ইতোপূর্বে এধরণের কোন প্রকাশনার উদাহরণ পাওয়া যায়নি; সেহেতু এতে ভুল-ভ্রান্তি থেকে যাওয়া অস্বাভাবিক নয়। তবে মৎস্য অধিদপ্তর, গাজীপুর এর সকল কর্মকর্তা তাঁদের কর্মকান্ড প্রকাশে আন্তরিকভাবে এ উদ্যোগ গ্রহণ করে এবং অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে নিউজলেটার বাস্তবায়ন করে। নিউজলেটার বাস্তবায়নের ক্ষেত্রে বিষয়বস্তু একীভুত করণে মূল দায়িত্বটি পালন করেন জনাব মাসুদ রানা, সম্প্রসারণ কর্মকর্তা, এনএটিপি২ প্রকল্প। এ ছাড়াও জনাব মোঃ হারুন-অর-রশিদ, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কাপাসিয়া; জনাব জান্নাতুন শাহীন, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গাজীপুর সদর; জনাব মোঃ আশরাফুল্লাহ, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শ্রীপুর, গাজীপুর এবং জনাব মোঃ সলিমুল্লাহ্, উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা.) স্বীয় দায়িত্ব পালনের মাধ্যমে নিউজলেটার প্রণয়নে সহায়তা করেছেন। গাজীপুর জেলার মৎস্য অধিদপ্তরীয় সকল কর্মকর্তা ও কর্মচারীদের মৎস্য সম্পদ উন্নয়নে তাঁদের অবদান রাখার জন্য ধন্যবাদ জ্ঞাপন করছি। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর সংশ্লিষ্ট সকল কর্মকর্তার সার্বিক সহায়তার জন্য আমরা আন্তরিকভাবে কৃতজ্ঞ। মৎস্য অধিদপ্তরের উর্ধ্বতন সকল কর্মকর্তাকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য ধন্যবাদ জানাচ্ছি। সকলের সুচিন্তিত মতামত এই ইনোভেসনের মান আরো উন্নয়ন করবে বলে প্রত্যাশা করছি।

মুহাম্মদ দেলোয়ার হোসেন
জেলা মৎস্য কর্মকর্তা
গাজীপুর

## সূচিপত্র


গাজীপুরে বর্ণাঢ্য আয়োজনে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উদযাপিত ...১

পোনা অবমুক্তির মাধ্যমে সপ্তাহের উদ্বোধন....১

মৎস্যচাষি, মৎস্যজীবীদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত১

মৎস্যচাষিদের পুকুরের মাটি ও পানি পরীক্ষা পরামর্শ সেবা২

মৎস্যচাষিদের মাছচাষ বিষয়ক বিশেষ প্রশিক্ষণ প্রদান.... ২

গাজীপুরে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ এর সমাপনী....... ২

কাপাসিয়ায় জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপিত.... ২

সাংবাদিকদের সাথে মতবিনিময়.... ৩

পোনা অবমুক্তির মাধ্যমে সপ্তাহের উদ্বোধন.... ৩

মৎস্যচাষি ও মৎস্যজীবীদের সাথে মতবিনিময় .... ৩

পুকুরের মাটি ও পানি পরীক্ষা.... ৩

মৎস্যচাষিদের প্রশিক্ষণ .... ৪

মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি বিষয়ক প্রামাণ্যচিত্র প্রদর্শন.... ৪

বিনামূল্যে মাছের খাদ্য বিতরণ .... ৪

শ্রীপুরে জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপিত.... ৫

সাংবাদিকদের সাথে মতবিনিময়.... ৬

পোনা অবমুক্তির মাধ্যমে মৎস্য সপ্তাহের উদ্বোধন.... ৬

মৎস্যচাষি ও মৎস্যজীবিদের সাথে মতবিনিময় .... ৬

পুকুরের মাটি ও পানি পরীক্ষা.... ৬

মৎস্য চাষিদের প্রশিক্ষণ.... ৭

মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি বিষয়ক প্রামাণ্যচিত্র প্রদর্শন.... ৭

কালীগঞ্জে জাতীয় মৎস্য-২০২১ সপ্তাহ উদযাপিত.... ৮

সাংবাদিকদের সাথে মতবিনিময়.... ৮

পোনা অবমুক্তির মাধ্যমে মৎস্য সপ্তাহের উদ্বোধন.... ৮

মৎস্যচাষি ও মৎস্যজীবীদের সাথে মতবিনিময়.... ৯

পুকুরের মাটি ও পানি পরীক্ষা .... ৯

মৎস্য চাষিদের প্রশিক্ষণ .... ৯

মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ক প্রামাণ্যচিত্র প্রদর্শন .... ১০

কালিয়াকৈর উপজেলায় জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উদযাপিত .... ১০

সাংবাদিকদের সাথে মতবিনিময় .... ১০

পোনা অবমুক্তির মাধ্যমে মৎস্য সপ্তাহের উদ্বোধন .... ১০

মৎস্যচাষি ও মৎস্যজীবীদের সাথে মত বিনিময়.... ১১

পুকুরের মাটি ও পানি পরীক্ষা .... ১১

মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ক প্রামাণ্যচিত্র প্রদর্শন .... ১১

বিনামূল্যে মাছের খাদ্য বিতরণ.... ১২

মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন ২০১০ বাস্তবায়ন.... ১২

গাজীপুরে লাইসেন্সবিহীন মৎস্য খাদ্য বিক্রয় করায় হাফছা খাদ্য ভান্ডারকে জরিমানা.... ১২

লাইসেন্সবিহীন মৎস্য খাদ্য তৈরির অভিযোগে প্রতিষ্ঠানকে জরিমানা .... ১২

কাপাসিয়ায় মৎস্য খাদ্য কারখানায় অভিযান.... ১৩

খাদ্য কারখানায় মোবাইল কোর্ট .... ১৩

শ্রীপুরে মৎস্য খাদ্য উৎপাদন কারখানা পরিদর্শন.... ১৩

মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ বাস্তবায়ন.... ১৪

বেলাই বিলে কারেন্ট জালবিরোধী অভিযানও জরিমানা ..... ১৪

শ্রীপুরে মাছ বাজারে মোবাইল কোর্ট ও জরিমানা .... ১৫

কালিয়াকৈরে চায়না জাল, কারেন্ট জাল ও রাক্ষুসে জাল জব্দ .... ১৫

কালীগঞ্জে বেলাই বিলে মোবাইল কোর্ট ও নিষিদ্ধ কারেন্ট জাল জব্দ.... ১৫

মৎস্য হ্যাচারি আইন ২০১১ বাস্তবায়ন ............................ ১৬

মৎস্য হ্যাচারি পরিদর্শন......................................... ১৬

মৎস্য সম্প্রসারণ কর্মকান্ড .......................................... ১৬

প্রদর্শনী পুকুর পরিদর্শন, নমুনায়ন ও পরামর্শ প্রদান.......... ১৬

পুকুর পরিদর্শন, মাছের রোগ নির্ণয় ও সমাধান, মাছের খাদ্য ব্যবস্থাপনা বিষয়ে পরামর্শ প্রদান। ...............................১৭

শ্রীপুরে প্রদর্শনী খামার পরিদর্শন ................................১৭

পোনা অবমুক্তকরণ কর্মকান্ড ........................................১৭

কালীগঞ্জে মুক্তজলাশয়ে মাছের পোনা অবমুক্তকরণ...........১৭

কালিয়াকৈর উপজেলায় পোনামাছ অবমুক্তকরণ............. ১৮

গাজীপুর সদর উপজেলায় মাছের পোনা অবমুক্তকরণ........ ১৮

## গাজীপুরে বর্ণাঢ্য আয়োজনে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উদযাপিত

২৮ আগস্ট, ২০২১ খ্রি.




"বেশি বেশি মাছ চাষ করি, বেকারত্ব দূর করি" এ শ্লোগানকে সামনে রেখে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উপলক্ষ্যে মৎস্য অধিদপ্তর, গাজীপুর কর্তৃক জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা পর্যায়ের সাংবাদিকগণ এর সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন এস.এম. তরিকুল ইসলাম, সম্মানিত জেলা প্রশাসক, গাজীপুর। সভায় মুহাম্মদ দেলোয়ার হোসেন, জেলা মৎস্য অফিসার, জেলার সার্বিক কর্মকান্ড ও সপ্তাহ ব্যাপী কর্মসূচি উপস্থাপনা করেন। আরো উপস্থিত ছিলেন সদর উপজেলার সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা। প্রেসক্লাব গাজীপুর এর সম্মানিত সভাপতি ও সাধারণ সম্পাদকসহ সাংবাদিক বর্গ অনুষ্ঠানে উপস্থিত থেকে মতবিনিময় করেন। অনুষ্ঠানে জেলার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর এর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

### পোনা অবমুক্তির মাধ্যমে সপ্তাহের উদ্বোধন

২৯ আগস্ট, ২০২১ খ্রি.



মৎস্য অধিদপ্তর, গাজীপুর এর আয়োজনে জাতীয় মৎস্য সপ্তাহ -২০২১ উপলক্ষ্যে পোনা অবমুক্তকরণ, শুভ উদ্বোধন ঘোষণা ও




পুরস্কার প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। রাজ দিঘীতে রুইজাতীয় মাছের পোনা অবমুক্ত করেন এবং উদ্বোধন ও পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জেলার ৩ জন সফল মৎস্যচাষিকে পুরস্কার বিতরণ করেন এস.এম. তরিকুল ইসলাম, জেলা প্রশাসক, গাজীপুর। সভাপতিত্ব করেন মুহাম্মদ দেলোয়ার হোসেন, জেলা মৎস্য অফিসার, গাজীপুর। আরো উপস্থিত ছিলেন সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গাজীপুর; সদর উপজেলার সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা। জেলার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর এর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

### মৎস্যচাষি, মৎস্যজীবীদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত

৩০ আগস্ট, ২০২১ খ্রি.

মৎস্য অধিদপ্তর গাজীপুর সদর ও প্রান্তিক পর্যায়ে মৎস্য চাষি, মৎস্যজীবীদের সাথে বাড়ীয়া ইউনিয়ন পরিষদে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।




এ সময় মৎস্যচাষি ও মৎস্যজীবীরা মাছচাষে খাদ্য মূল্য বৃদ্ধি, বাজারে মাছের দাম কমে যাওয়া, বিদ্যুতের দাম শিল্প কারখানার দরে না হয়ে কৃষিখাতের দরে নির্ধারণ, মৎস্য চাষিদের ভর্তুকি প্রদান, স্বল্প সুদে ব্যাংক ঋণ প্রদান বিষয়ে মৎস্য অধিদপ্তর এর সার্বিক সহযোগিতা কামনা করেন। সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর,

গাজীপুর সদর এ ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে সমস্যা সমাধানের ব্যাপারে পদক্ষেপ গ্রহণের কথা বলেন। আরও উপস্থিত ছিলেন সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, গাজীপুর সদর এর কর্মকর্তা-কর্মচারিবৃন্দ, স্থানীয় ইউপি সদস্য, মৎস্যচাষি ও মৎস্যজীবী প্রতিনিধি।

## মৎস্যচাষিদের পুকুরের মাটি ও পানি পরীক্ষা পরামর্শ সেবা

৩১ আগস্ট, ২০২১ খ্রি.

জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উপলক্ষ্যে মৎস্য অধিদপ্তর গাজীপুর সদর আয়োজিত মির্জাপুর ইউনিয়ন পরিষদে মৎস্যচাষিদের মাছচাষ বিষয়ক পরামর্শ সেবা, পুকুরের মাটি ও পানি পরীক্ষাকরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়।




মৎস্যচাষিরা তাদের পুকুরের পানি বিনামূল্যে পরীক্ষা করেন এবং সমস্যাদি সংক্রান্ত পরামর্শ গ্রহণ করেন।

## মৎস্যচাষিদের মাছচাষ বিষয়ক বিশেষ প্রশিক্ষণ প্রদান

জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উপলক্ষে মৎস্য অধিদপ্তর গাজীপুর কতৃক ০২ সেপ্টেম্বর সদর উপজেলার মির্জাপুর ইউনিয়ন পরিষদে মৎস্যচাষিদের মাছচাষ বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম অনুষ্ঠিত হয়।




এতে ইউনিয়নের ১৫ জন মৎস্যচাষিকে দিনব্যাপি মৎস্যচাষ বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ করেন।

## গাজীপুরে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ এর সমাপনী

মৎস্য অধিদপ্তর, গাজীপুর এর আয়োজনে ০৩ সেপ্টেম্বর জেলা প্রশাসকের দপ্তরের ভাওয়াল সম্মেলন কক্ষে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ এর সমাপনী অনুষ্ঠান উদযাপিত হয়। অনুষ্ঠানে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ বাস্তবায়ন জেলা ও উপজেলা কমিটির সদস্যবৃন্দ ভার্চুয়ালি উপস্থিত ছিলেন। মৎস্য অধিদপ্তর, গাজীপুর এর সপ্তাহব্যাপী বিভিন্ন কার্যক্রমের একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনা করেন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গাজীপুর সদর।




প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মামুন সরদার, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মুহাম্মদ দেলোয়ার হোসেন, জেলা মৎস্য অফিসার, গাজীপুর। আরো উপস্থিত ছিলেন জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ের সিনিয়র সহকারী পরিচালক, জেলার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর এর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণ।

## কাপাসিয়ায় জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপিত

বেশি বেশি মাছ চাষ করি, বেকারত্ব দূর করি এই স্লোগানকে সামনে রেখে সারা দেশের ন্যায় কাপাসিয়া উপজেলায় জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উদযাপিত হয়েছে। সে উপলক্ষ্যে গত ২৮ আগস্ট হতে ০৩ সেপ্টেম্বরপর্যন্ত সপ্তাহব্যাপী উপজেলা মৎস্য দপ্তর, কাপাসিয়া কর্তৃক বিভিন্ন কর্মকান্ড বাস্তবায়িত হয়েছে।



এর মধ্যে মাইকিং, ব্যানার ও লিফলেট এর মাধ্যমে ব্যাপক প্রচারণা, সাংবাদিকদের সাথে মতবিনিময়, মাছের পোনা অবমুক্তি, ভিডিও প্রদর্শনী, মৎস্যচাষি ও মৎস্যজীবীদের সাথে মতবিনিময়, চাষিদের পুকুরের পানি পরীক্ষা, মৎস্যচাষিদের প্রশিক্ষণ, বিনামূল্যে মৎস্য খাদ্য বিতরণ উল্লেখযোগ্য। মৎস্য সপ্তাহের নির্ধারিত সকল কর্মকান্ড অত্যন্ত সফলভাবে বাস্তবায়ন করেছে উপজেলা মৎস্য দপ্তর।

### সাংবাদিকদের সাথে মতবিনিময়

২৮ আগস্ট, ২০২১ খ্রি.

জাতীয় মৎস্য সপ্তাহের ১ম দিন উপজেলা মৎস্য দপ্তর এর সাথে সাংবাদিকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। এতে প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার ১৭ জন সাংবাদিক উপস্থিত ছিলেন। সহকারি কমিশনার (ভূমি) এর উপস্থিতিতে মৎস্য বিভাগের সার্বিক কর্মকান্ড সাংবাদিকদের সামনে উপস্থাপন করেন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ হারুন-অর-রশিদ।



উপস্থাপনা পরবর্তী মুক্ত আলোচনায় সাংবাদিকগণ মৎস্য সম্পদের সম্ভাবনা, সমস্যা ও উত্তোরণের বিষয়ে খোলামেলা আলোচনা করেন। মৎস্য সেক্টরে সরকারের অর্জনসমূহ মিডিয়ায় প্রচার এবং মৎস্য উৎপাদন বৃদ্ধিতে বিদ্যমান সমস্যা সমাধানে উপজেলা মৎস্য দপ্তর সাংবাদিকগণের সহযোগিতা চান ।

### পোনা অবমুক্তির মাধ্যমে সপ্তাহের উদ্বোধন

২৯ আগস্ট, ২০২১ খ্রি.

মাননীয় সংসদ সদস্য জনাব সিমিন হোসেন রিমি, এমপি মহোদয় ভার্চুয়ালি জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উদ্বোধন করেন। উদ্বোধনী বক্তব্যে এমপি মহোদয় মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি, মৎস্যচাষিদের মাছ চাষে উদ্বুদ্ধকরণ ও মুক্ত জলাশয়ের মাছ রক্ষায় সকলকে এগিয়ে আসার আহ্বান জানান। সভায় উপস্থিত অন্যান্য বক্তারা সমাজভিত্তিক মাছ চাষ ও জলাশয় ব্যবস্থাপনার জন্য স্থানীয় জনগণকে অনুরোধ জানান এবং উপজেলা প্রশাসনের পক্ষ হতে সহযোগিতার আশ্বাস প্রদান করেন উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।



এরপর উপজেলা মৎস্য সপ্তাহ উদযাপন কমিটি কর্তৃক মাছের পোনা অবমুক্ত করা হয়। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মোসাঃ ইসমত আরা, উপজেলা আওয়ামীলীগ সভাপতি বীর মুক্তিযোদ্ধা কৃষিবিদ মোঃ শহীদুল্লাহ, সাধারণ সম্পাদক মিজানুর রহমান প্রধান, সদর ইউনিয়নের চেয়ারম্যান মোঃ সাখাওয়াত হোসেন প্রধান সহ স্থানীয় নেতৃবৃন্দ।

### মৎস্যচাষি ও মৎস্যজীবীদের সাথে মতবিনিময়

৩০ আগস্ট, ২০২১ খ্রি.



কাপাসিয়ার সনমানিয়া ইউনিয়নে স্থানীয় মৎস্যচাষি ও মৎস্যজীবিদের সাথে মতবিনিময় করেছে উপজেলা মৎস্য দপ্তর। মতবিনিময় সভায় মৎস্য দপ্তরের বিভিন্ন স্তরের কর্মকর্তা-কর্মচারি উপস্থিত ছিলেন। স্থানীয় লিফ মোঃ সালাউদ্দিনের সঞ্চালনায় মৎস্যচাষি, মৎস্যজীবী, স্থানীয় গণ্যমান্য ব্যাক্তিবর্গ ও কর্মকর্তাগণ বক্তব্য রাখেন। মৎস্যচাষিরা মৎস্য খাদ্যের দাম বেশি এবং মৎস্য খামারে বিদ্যুতের রেট বেশি উল্লেখ করে তা হ্রাসের ব্যাপারে উদ্যোগ গ্রহণ করতে মৎস্য দপ্তরকে অনুরোধ জানান।

### পুকুরের মাটি ও পানি পরীক্ষা

৩১ আগস্ট, ২০২১ খ্রি.

পুকুরে মাছের উৎপাদন বাড়াতে মাটি ও পানির গুণাগুণ ঠিক রাখার বিকল্প নেই। এ বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে উপজেলা মৎস্য

দপ্তর কর্তৃক এ ব্যতিক্রমী মাটি ও পানি পরীক্ষার আয়োজন করা হয়।




সদর ইউনিয়নের বরুন গ্রামে স্থানীয় মৎস্যচাষিদের পুকুরের পানি পরীক্ষা করেন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ হারুন-অর-রশিদ ও সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানা এবং তাদেরকে সহযোগিতা করেন মৎস্য দপ্তরের ক্ষেত্র সহকারি ও স্থানীয় লিফ। চাষিদের পুকুরের পানি পরীক্ষার পর প্রত্যেক চাষির পুকুরের বর্তমান অবস্থা ও পানি পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে সুনির্দিষ্ট পরামর্শ প্রদান করেন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কাপাসিয়া। চাষিরা এ ধরণের উদ্যোগকে স্বাগত জানান এবং প্রতি মাসেই তা চলমান রাখার অনুরোধ করেন।

## মৎস্যচাষিদের প্রশিক্ষণ

০১ সেপ্টেম্বর, ২০২১ খ্রি.



জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উদযাপন উপলক্ষ্যে গত পহেলা সেপ্টেম্বর কাপাসিয়া উপজেলা মৎস্য দপ্তরের উদ্যোগে সুফলভোগীদের ০১ (এক) দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ হারুন-অর-রশিদ ও সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানা দিনব্যাপী এ প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে মাছ চাষের গুরুত্ব, সম্ভাবণা ও বিভিন্ন কারিগরি দিক নিয়ে চাষিদের সাথে আলোচনা করেন। বারিষাব ইউনিয়নের লিফ মোঃ আসাদুজ্জামান শ্রাবণের সঞ্চালনায় আয়োজিত এ প্রশিক্ষণে উপস্থিত ৩০ (ত্রিশ) জন মৎস্যচাষি আলোচনা ও প্রশ্নোত্তরের মাধ্যমে মাছ চাষের বিভিন্ন খুঁটিনাটি বিষয়ে পরিষ্কার ধারণা লাভ করেন। স্থানীয়রা চাষিরা বলেন এ প্রশিক্ষণে আমরা মাছচাষ সম্পর্কে অনেক কিছুই জানতে পেরেছি। আশা করি তা কাজে লাগিয়ে আগামী বছর আমরা আমাদের পুকুরের মাছের উৎপাদন বৃদ্ধি করতে পারব। চাষিরা মৎস্য বিভাগের এ উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন এবং তা অব্যাহত রাখার অনুরোধ করেন।

## মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি বিষয়ক প্রামাণ্যচিত্র প্রদর্শন

০১ সেপ্টেম্বর, ২০২১ খ্রি.




জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উপলক্ষ্যে চাঁদপুর ইউনিয়নের বলখেলার বাজারে মৎস্য সেক্টরে বর্তমান সরকারের বিভিন্ন উদ্যোগ, অগ্রগতি ও মৎস্য উৎপাদন বৃদ্ধিতে করনীয় সম্পর্কে ভিডিও প্রদর্শন করা হয়। ভিডিও প্রদর্শনী শেষে মুক্ত আলোচনায় উপস্থিত বিভিন্ন স্তরের অংশীজনদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ হারুন-অর-রশিদ। মৎস্য আইন বাস্তবায়নে জনসচেতনতা সৃষ্টি করতে প্রত্যেক ইউনিয়নে এ ধরনের ভিডিও প্রদর্শনী ও আলোচনা সভার আয়োজন করতে মৎস্যজীবিদের পক্ষ হতে মৎস্য দপ্তরকে অনুরোধ জানানো হয়।

## বিনামূল্যে মাছের খাদ্য বিতরণ

০১ সেপ্টেম্বর, ২০২১ খ্রি.

জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উদযাপনের অংশ হিসেবে গত ০২ সেপ্টেম্বর উপজেলা নির্বাহী অফিসার জনাব মোসাঃ ইসমত আরা এর উপস্থিতিতে ১০ জন মৎস্যচাষির মাঝে ২৫ কেজি করে মোট ২৫০ কেজি কার্পজাতীয় মাছের ভাসমান খাদ্য বিতরণ করা হয়। এ সময় উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন। উপজেলা নির্বাহী অফিসার বলেন বিনামূল্যে মৎস্যখাদ্য বিতরণের উদ্দেশ্য হলো মাছচাষে ভাল মানের মৎস্য খাদ্য ব্যবহারে চাষিদেরকে উৎসাহিত করা। মাছ নিরাপদ প্রাণিজ

আমিষের উৎস্য। ভেজাল খাদ্য বা পোল্ট্রি লিটার ব্যবহার করে এ নিরাপদ আমিষকে অনিরাপদ না করতে তিনি চাষিদের অনুরোধ করেন।



চাষিরা মৎস্য দপ্তরের এ উদ্যোগের প্রশংসা করেন এবং নিজেরা ভাল মানের মৎস্য খাদ্য ব্যবহার করে মাছ চাষের প্রতিশ্রুতি দেন।

জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উপলক্ষ্যে বিভিন্ন পত্রিকায় প্রকাশিত খবরের অংশ বিশেষ (কাপাসিয়া)



দৈনিক ডেল্টা টাইমস্

সবার সাথে সব সময়

## কাপাসিয়ায় জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে মতবিনিময়

কাপাসিয়া (গাজীপুর) প্রতিনিধিঃ"

বেশী বেশী মাছচাষ করি, বেকারত্ব দূর করি" এই প্রতিপাদ্য বিষয়কে সামনে নিয়ে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উদযাপন উপলক্ষে গাজীপুরের কাপাসিয়ায় সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ের উদ্যোগে ২৮ আগষ্ট শনিবার সকালে উপজেলা পরিষদ সভাকক্ষে ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। আগামী শুক্রবার ভিডিও কনফারেন্সের মাধ্যমে জেলা পর্যায়ের কর্মকর্তাদের সাথে মতবিনিময় করে সপ্তাহের কর্মসূচির সমাপনী ঘোষণা করা হবে। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ হারুন-অর-রশিদের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রুবাইয়া ইয়াসমিন। শনিবার আনুষ্ঠানিকভাবে শুরু হওয়া মৎস্য সপ্তাহ কর্মকাণ্ড চলবে আগামী শুক্রবার পর্যন্ত। এর মধ্যে সপ্তাহ ব্যাপী পর্যায়ক্রমে উপজেলার বিভিন্ন ইউনিয়নের গুরুত্বপূর্ণ বাজার, ষ্ট্যান্ড ও মোড়ে মৎস্য চাষ সংশ্লিষ্ট জনসচেতনতা মূলক প্রচার, ব্যানার-ফেস্টুন প্রদর্শন, উপজেলা পরিষদ পুকুর ও পাবুর সুতি নদীতে দেশীয় প্রজাতির কার্প মাছের পোনা অবমুক্তকরণ, সনমানিয়া ইউনিয়নের আড়াল বাজারে প্রান্তিক পর্যায়ের মৎস্যচাষি ও মৎস্যজীবীদের সাথে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক মতবিনিময়, কাপাসিয়া সদর ইউনিয়নের বরুন বাজারে মৎস্যচাষিদের মাছচাষ বিষয়ক নিবিড় পরামর্শ সেবা প্রদান, পুকুরের মাটি।



মুক্তসংবাদ

THE DAILY MUKTASANGBAD

## কাপাসিয়ায় জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন ও সাংবাদিকগণের সাথে মতবিনিময়

মুক্ত প্রতিবেদক-

গাজীপুরের কাপাসিয়ায় জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপলক্ষে সাংবাদিকদের সাথে মতবিনিময় উপজেলা মৎস্য অফিস। বেশী বেশী মাছচাষ করি, বেকারত্ব দূর করি এই প্রতিপাদ্য নিয়ে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উদযাপন শুরু করেছে। মৎস্য সপ্তাহ কর্মকাণ্ড চলবে আগামী শুক্রবার পর্যন্ত। গতকাল শনিবার সকালে উপজেলা পরিষদ সভাকক্ষে মতবিনিময় সভার সভাপতিত্ব করেন সিনিয়র মৎস্য কর্মকর্তা মো. হারুন অর রশিদ। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) রুবাইয়া ইয়াসমিন। সপ্তাহের কর্মসূচি হিসেবে মৎস্য কর্মকর্তা জানান, সপ্তাহ ব্যাপী পর্যায়ক্রমে উপজেলার বিভিন্ন ইউনিয়নের গুরুত্বপূর্ণ বাজার, ষ্ট্যান্ড ও মোড়ে মৎস্য চাষ সংশ্লিষ্ট জনসচেতনতা মূলক প্রচার, ব্যানার-ফেস্টুন প্রদর্শন, উপজেলা পরিষদ পুকুর ও পাবুর সুতি নদীতে দেশীয় প্রজাতির কার্প মাছের পোনা অবমুক্তকরণ, সনমানিয়া ইউনিয়নের আড়াল বাজারে প্রান্তিক পর্যায়ের মৎস্যচাষি ও মৎস্যজীবীদের সাথে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক মতবিনিময়, কাপাসিয়া সদর ইউনিয়নের বরুন বাজারে মৎস্যচাষিদের মাছচাষ বিষয়ক নিবিড় পরামর্শ সেবা প্রদান, পুকুরের মাটি ও পানি পরীক্ষা, চাঁদপুর ইউনিয়নের বলখেলার বাজারে মৎস্য সেক্টরে অগ্রগতি ও সাফল্য বিষয়ে নির্মিত প্রামাণ্য চিত্র প্রদর্শন, উপজেলা পরিষদ মিলনায়তনে মৎস্য চাষি ও সুফলভোগীদের মাঝে মৎস্য চাষের বিভিন্ন উপকরণ বিতরণ করা হবে। এসময় কাপাসিয়ায় কর্মরত প্রিন্ট ইলেক্ট্রিক অনলাইন মিডিয়ার সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

## শ্রীপুরে জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপিত

বেশি বেশি মাছ চাষ করি, বেকারত্ব দূর করি এই স্লোগানকে সামনে রেখে সারা দেশের ন্যায় শ্রীপুর উপজেলায় জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উদযাপিত হয়েছে। সে উপলক্ষ্যে গত ২৮ আগস্ট হতে ০৩ সেপ্টেম্বর পর্যন্ত সপ্তাহব্যাপী উপজেলা মৎস্য দপ্তর, শ্রীপুর কর্তৃক বিভিন্ন কর্মকান্ড বাস্তবায়িত হয়েছে।




এর মধ্যে মাইকিং, ব্যানার ও লিফলেট এর মাধ্যমে ব্যাপক প্রচারণা, সাংবাদিকদের সাথে মতবিনিময়, মাছের পোনা অবমুক্তি,

ভিডিও প্রদর্শনী, মৎস্যচাষি ও মৎস্যজীবীদের সাথে মতবিনিময়, চাষিদের পুকুরের পানি পরীক্ষা, মৎস্যচাষিদের প্রশিক্ষণ, বিনামূল্যে মৎস্য খাদ্য বিতরণ উল্লেখযোগ্য।

### সাংবাদিকদের সাথে মতবিনিময়

২৮ আগস্ট, ২০২১ খ্রি.

জাতীয় মৎস্য সপ্তাহের ২য় দিন উপজেলা মৎস্য দপ্তর এর সাথে সাংবাদিকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার ০৫ জন সাংবাদিক উপস্থিত ছিলেন।



উপজেলা নির্বাহী কর্মকর্তা এর উপস্থিতিতে মৎস্য দপ্তরের সার্বিক কর্মকান্ড সাংবাদিকদের সামনে উপস্থাপন করেন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ আশরাফুল্লাহ। উপস্থাপনা পরবর্তী মুক্ত আলোচনায় সাংবাদিকগণ মৎস্য সম্পদের সম্ভাবনা, সমস্যা ও উত্তোরণের বিষয়ে খোলামেলা আলোচনা করেন। মৎস্য সেক্টরে সরকারের অর্জনসমূহ মিডিয়ায় প্রচার এবং মৎস্য উৎপাদন বৃদ্ধিতে বিদ্যমান সমস্যা সমাধানে উপজেলা মৎস্য দপ্তর সাংবাদিকগণের সহযোগিতা চান।

### পোনা অবমুক্তির মাধ্যমে মৎস্য সপ্তাহের উদ্বোধন

২৯ আগস্ট, ২০২১ খ্রি.



জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উপলক্ষ্যে শ্রীপুর উপজেলা পরিষদ পুকুরে কার্প জাতীয় মাছের পোনা ছাড়া হয়। এ সময় উপস্থিত ছিলেন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ইউএনও তরিকুল ইসলাম, উপজেলা চেয়ারম্যান, উপজেলা ভাইস-চেয়ারম্যানদ্বয়, পৌরসভার মেয়র, সহকারী মৎস্য কর্মকর্তা ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। উপস্থিত সকল মহোদয়কে সহযোগিতার জন্যে কৃতজ্ঞতাসহ ধন্যবাদ জানাচ্ছি।

### মৎস্যচাষি ও মৎস্যজীবিদের সাথে মতবিনিময়

৩০ আগস্ট, ২০২১ খ্রি.




শ্রীপুরে বরমী ইউনিয়নে স্থানীয় মৎস্যচাষি ও মৎস্যজীবীদের সাথে মতবিনিময় করেছেন উপজেলা মৎস্য দপ্তর। অনুষ্ঠিত মতবিনিময় সভায় মৎস্য দপ্তরের বিভিন্ন স্তরের কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন। স্থানীয় লিফ মোঃ রাসেলের সঞ্চালনায় মৎস্যচাষি, মৎস্যজীবী, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও কর্মকর্তাগণ বক্তব্য রাখেন। মৎস্য চাষিরা মৎস্য খাদ্যের মূল্য বেশি এবং মৎস্য খামারে বিদ্যুতের রেট বেশি উল্লেখ করে তা হ্রাসের ব্যাপারে উদ্যোগ গ্রহণ করতে মৎস্য দপ্তরকে অনুরোধ জানান।

### পুকুরের মাটি ও পানি পরীক্ষা

৩১ আগস্ট, ২০২১ খ্রি.

পুকুরে মাছের উৎপাদন বাড়াতে মাটি ও পানির গুণাগুণ ঠিক রাখার বিকল্প নেই। এ বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে উপজেলা মৎস্য দপ্তর কর্তৃক মাটি ও পানি পরীক্ষার আয়োজন করা হয়। জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উপলক্ষ্যে স্থানীয় মৎস্য চাষিদের পুকুরের পানি পরীক্ষা করেন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ আশরাফুল্লাহ ও সহকারী মৎস্য কর্মকর্তা বদিউজ্জামান এবং তাদের সহযোগিতা করেন মৎস্য দপ্তরের ক্ষেত্র সহকারী ও স্থানীয় লিফ। চাষিদের পুকুরের পানি পরীক্ষার পর প্রত্যেক চাষির পুকুরের বর্তমান অবস্থা ও পানি পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে সুনির্দিষ্ট পরামর্শ প্রদান করেন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা,




শ্রীপুর। চাষিরা এ ধরণের উদ্যোগকে স্বাগত জানান এবং প্রতি মাসেই তা চলমান রাখার অনুরোধ করেন।

## মৎস্য চাষিদের প্রশিক্ষণ

০১ সেপ্টেম্বর, ২০২১ খ্রি.

জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উদযাপন উপলক্ষ্যে গত পহেলা সেপ্টেম্বর শ্রীপুর উপজেলা মৎস্য দপ্তরের উদ্যোগে সুফল ভোগীদের ০১ (এক) দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ আশরাফুল্লাহ ও সহকারী মৎস্য কর্মকর্তা বদিউজ্জামান দিনব্যাপী এ প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে মাছচাষের গুরুত্ব, সম্ভাবনা ও বিভিন্ন কারিগরি দিক নিয়ে চাষিদের সাথে




আলোচনা করেন। স্থানীয় মৎস্যচাষিরা বলেন এ প্রশিক্ষণে আমরা মাছচাষ সম্পর্কে অনেক কিছুই জানতে পেরেছি। অর্জিত জ্ঞান কাজে লাগিয়ে আগামী বছর তারা তাদের পুকুরের মাছের উৎপাদন বৃদ্ধি করতে পারবে বলে আশা প্রকাশ করে। চাষিরা মৎস্য দপ্তরের এ উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন এবং তা অব্যাহত রাখার অনুরোধ করেন।

## মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি বিষয়ক প্রামাণ্যচিত্র প্রদর্শন

০১ সেপ্টেম্বর, ২০২১ খ্রি.

জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উদযাপন উপলক্ষ্যে বরমী ইউনিয়নের বলখেলা বাজারে মৎস্য সেক্টরে বর্তমান সরকারের বিভিন্ন উদ্যোগ, অগ্রগতি ও মৎস্য উৎপাদন বৃদ্ধিতে করনীয় সম্পর্কে ভিডিও প্রদর্শন করা হয়।



ভিডিও প্রদর্শনী শেষে মুক্ত আলোচনায় উপস্থিত বিভিন্ন স্তরের অংশীজনদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ আশরাফুল্লাহ। মৎস্য আইন বাস্তবায়নে জনসচেতনতা সৃষ্টি করতে প্রত্যেক ইউনিয়নে এ ধরনের ভিডিও প্রদর্শনী ও আলোচনা সভার আয়োজন করতে মৎস্যজীবীদের পক্ষ হতে মৎস্য দপ্তরকে অনুরোধ জানানো হয়।

## জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উপলক্ষ্যে পত্রিকায় প্রকাশিত খবরের অংশ বিশেষ (শ্রীপুর)



নগর সংস্করণ

আজকের পত্রিকা

**মৎস্য সপ্তাহে পোনা অবমুক্ত**

**শ্রীপুর, কাপাসিয়া ও কালিয়াকৈর প্রতিনিধি**

গাজীপুরে জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে পোনা মাছ অবমুক্ত করা হয়েছে। গতকাল রোববার বিভিন্ন উপজেলায় পৃথকভাবে এ কর্মসূচি পালন করা হয়।

শ্রীপুরে গতকাল দুপুর আড়াইটার দিকে উপজেলা পরিষদের পুকুরে পোনা মাছ অবমুক্ত করা হয়। এ সময় উপস্থিত ছিলেন শ্রীপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান শামসুল আলম প্রধান, উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. তরিকুল ইসলাম, পৌর মেয়র মো. আনিছুর রহমান, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মো. মাহতাব উদ্দিন, মহিলা ভাইস চেয়ারম্যান লুৎফুন নাহার মেজবা, সিনিয়র মৎস্য কর্মকর্তা মো. আশরাফুল্লাহ প্রমুখ।

উপজেলা সহকারী মৎস্য কর্মকর্তা মো. বদিউজ্জামান জানান, মৎস্য সপ্তাহ উপলক্ষে ৩০ কেজি পোনা মাছ অবমুক্ত করা হয়। তারমধ্যে রয়েছে রুই, কাতলা ও মৃগেল। কাপাসিয়া উপজেলায় সদর ইউনিয়নের পাবুর গ্রামের পাশ দিয়ে প্রবাহিত সুতি নদীতে মৎস্য সপ্তাহ উপলক্ষে বিভিন্ন দেশীয় জাতের মাছ ছাড়া হয়েছে।

গতকাল কর্মসূচির দ্বিতীয় দিনে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালের মাধ্যমে বক্তব্য রাখেন বঙ্গতাজ কন্যা সাংসদ সিমিন হোসেন রিমি।

শ্রীপুরে উপজেলা পরিষদের পুকুরে গতকাল পোনা অবমুক্ত করা হয়। আজকের পত্রিকা

উপজেলা মৎস্য অফিসের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে সিনিয়র মৎস্য কর্মকর্তা মো. হারুন অর রশিদের সভাপতিত্বে এ সময় বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগ সভাপতি মুহাম্মদ শহীদুল্লাহ, উপজেলা নির্বাহী কর্মকর্তা মোসা. ইসমত আরা, উপজেলা আওয়ামী লীগ সাধারণ সম্পাদক মিজানুর রহমান প্রধান, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান রওশন আরা সরকার, উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি আব্দুল মজিদ দর্জি ও সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সাখাওয়াত হোসেন প্রধান।

পরে পাবুরে সুতি নদীতে ১০০ কেজি দেশীয় বিভিন্ন জাতের মাছ ছাড়া হয়।

অন্যদিকে কালিয়াকৈরে উপজেলা মৎস্য দপ্তরের আয়োজনে জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে পোনা মাছ অবমুক্ত করা হয়েছে। গতকাল সকালে উপজেলার ঘাটা খালী নদীতে ২০ কেজি পোনা মাছ অবমুক্ত করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, উপজেলা সহকারী কমিশনার ভূমি মুহাম্মদ মামুনুল হক, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান জায়েদা নাসরিন, উপজেলা আইসিটি কর্মকর্তা মনিরুল ইসলাম, উপজেলা মৎস্য কর্মকর্তা মো. সলিমুল্লাহ প্রমুখ।

## কালীগঞ্জে জাতীয় মৎস্য-২০২১ সপ্তাহ উদযাপিত

বেশি বেশি মাছ চাষ করি, বেকারত্ব দূর করি এই স্লোগানকে সামনে রেখে সারা দেশের ন্যায় কালীগঞ্জ উপজেলায় জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উদযাপিত হয়েছে। সে উপলক্ষ্যে গত ২৮ আগস্ট হতে ০৩ সেপ্টেম্বর পর্যন্ত সপ্তাহব্যাপী উপজেলা মৎস্য দপ্তর, কালীগঞ্জ কর্তৃক বিভিন্ন কর্মকান্ড বাস্তবায়িত হয়েছে।



এর মধ্যে মাইকিং, ব্যানার ও লিফলেট এর মাধ্যমে ব্যাপক প্রচারণা, সাংবাদিকদের সাথে মতবিনিময়, মাছের পোনা অবমুক্তি, ভিডিও প্রদর্শনী, মৎস্যচাষি ও মৎস্যজীবীদের সাথে মতবিনিময়, চাষিদের পুকুরের পানি পরীক্ষা, মৎস্যচাষিদের প্রশিক্ষণ, বিনামূল্যে মৎস্য খাদ্য বিতরণ উল্লেখযোগ্য।

### সাংবাদিকদের সাথে মতবিনিময়

২৮ আগস্ট, ২০২১ খ্রি.

জাতীয় মৎস্য সপ্তাহের ১ম দিন উপজেলা মৎস্য দপ্তর এর সাথে সাংবাদিকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার ১৪ জন সাংবাদিক উপস্থিত ছিলেন।



সহকারী কমিশনার (ভূমি) এর উপস্থিতিতে মৎস্য দপ্তরের সার্বিক কর্মকান্ড সাংবাদিকদের সামনে উপস্থাপন করেন উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ হারুন-অর-রশিদ। উপস্থাপনা পরবর্তী মুক্ত আলোচনায় সাংবাদিকগণ মৎস্য সম্পদের সম্ভাবনা, সমস্যা ও উত্তোরণের বিষয়ে খোলামেলা আলোচনা করেন। মৎস্য সেক্টরে সরকারের অর্জনসমূহ মিডিয়ায় প্রচার এবং মৎস্য উৎপাদন বৃদ্ধিতে বিদ্যমান সমস্যা সমাধানে উপজেলা মৎস্য দপ্তর সাংবাদিকগণের সহযোগিতা চান।

### পোনা অবমুক্তির মাধ্যমে মৎস্য সপ্তাহের উদ্বোধন

২৯ আগস্ট, ২০২১ খ্রি.

জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উপলক্ষ্যে উপজেলা পরিষদ পুকুরে মাছের পোনা অবমুক্ত করেন জনাব এসএম নাজিম উদ্দিন, পরিচালক, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রনালয়, শেরেবাংলা নগর ঢাকা ও জনাব মোঃ শিবলী সাদিক উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, গাজীপুর ও অন্যান্য কর্মকর্তা এ সময় অতিথি বৃন্দ তাদের বক্তব্যে মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি, মৎস্য চাষীদের মাছ চাষে উদ্বুদ্ধকরণ ও মুক্ত জলাশয়ের মাছ রক্ষায় সকলকে এগিয়ে আসার আহ্বান জানান। সভায় উপস্থিত অন্যান্য বক্তারা সমাজ ভিত্তিক মাছ চাষ ও জলাশয় ব্যবস্থাপনার জন্য স্থানীয় জনগণকে অনুরোধ জানান এবং উপজেলা প্রশাসনের পক্ষ হতে সহযোগিতার আশ্বাস প্রদান করেন উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, গাজীপুর।



অতঃপর উপজেলা মৎস্য সপ্তাহ উদযাপন কমিটি কর্তৃক উপজেলা পরিষদ পুকুরে রুই জাতীয় মাছের পোনা অবমুক্ত করা হয়।

### মৎস্যচাষি ও মৎস্যজীবীদের সাথে মতবিনিময়

৩০ আগস্ট, ২০২১ খ্রি.

কালীগঞ্জ উপজেলার বাহাদুরশাদী ইউনিয়নে স্থানীয় মৎস্যচাষি ও মৎস্যজীবীদের সাথে মতবিনিময় করেছেন উপজেলা মৎস্য দপ্তর। গত ৩০ আগস্ট অনুষ্ঠিত মতবিনিময় সভায় মৎস্য দপ্তরের বিভিন্ন স্তরের কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন। স্থানীয় লিফ মোঃ



আমানউল্লার সঞ্চালনায় মৎস্যজীবী, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও কর্মকর্তাগণ বক্তব্য রাখেন। মৎস্যচাষিরা মৎস্য খাদ্যের মূল্য বেশি এবং মৎস্য খামারে বিদ্যুতের রেট বেশি উল্লেখ করে তা হ্রাসের ব্যাপারে উদ্যোগ গ্রহণ করতে মৎস্য দপ্তরকে অনুরোধ জানান।

### পুকুরের মাটি ও পানি পরীক্ষা

৩১ আগস্ট, ২০২১ খ্রি.

পুকুরে মাছের উৎপাদন বাড়াতে মাটি ও পানির গুনাগুন ঠিক রাখার বিকল্প নেই। এ বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে উপজেলা মৎস্য দপ্তর কর্তৃক মাটি ও পানি পরীক্ষার আয়োজন করা হয়। গত ৩১ আগস্ট জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উপলক্ষ্যে জাঙ্গালিয়া ইউনিয়নের ইউনিয়ন পরিষদে স্থানীয় মৎস্য চাষিদের পুকুরের পানি পরীক্ষা করেন উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ হারুন-অর-রশিদ ও ক্ষেত্রসহকারী জনাব মোঃ মাহাবুবুল আলম তাদের সহযোগিতা করেন মৎস্য দপ্তরের এনএটিপি ২ এর ক্ষেত্র সহকারী ও স্থানীয় লিফ।




চাষিদের পুকুরের পানি পরীক্ষার পর প্রত্যেক চাষির পুকুরের বর্তমান অবস্থা ও পানি পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে সুনির্দিষ্ট পরামর্শ প্রদান করেন উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ। চাষিরা এ ধরণের উদ্যোগকে স্বাগত জানান এবং প্রতি মাসেই তা চলমান রাখার অনুরোধ করেন।

### মৎস্য চাষিদের প্রশিক্ষণ

০১ সেপ্টেম্বর, ২০২১ খ্রি.

জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উদযাপন উপলক্ষ্যে কালীগঞ্জ উপজেলা মৎস্য দপ্তরের উদ্যোগে জামালপুর ইউনিয়নের বেকার যুতকদের খাচায় মাছ চাষের উপর ০১ (এক) দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কালীগঞ্জ উপজেলার অতিরিক্ত দায়িত্ব পালনরত মোঃ হারুন-অর-রশিদ, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কাপাসিয়া ও ক্ষেত্রসহকারী জনাব মোঃ মাহাবুবুল আলম প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে মাছচাষের গুরুত্ব, সম্ভাবনা ও বিভিন্ন কারিগরি দিক নিয়ে চাষিদের সাথে আলোচনা করেন। জামালপুর ইউনিয়নের লিফ মোঃ আমানউল্লা  সঞ্চালনায় আয়োজিত এ প্রশিক্ষণে উপস্থিত ৩০ (ত্রিশ) জন মৎস্যচাষি আলোচনা ও প্রশ্নোত্তরের মাধ্যমে মাছ চাষের বিভিন্ন খুঁটিনাটি বিষয়ে পরিষ্কার ধারণা লাভ করেন। স্থানীয় চাষিরা বলেন এ প্রশিক্ষণে আমরা মাছচাষ সম্পর্কে অনেক কিছুই জানতে পেরেছি। আশা করি তা কাজে লাগিয়ে আগামী বছর আমরা আমাদের পুকুরের মাছের উৎপাদন বৃদ্ধি করতে পারব। চাষিরা মৎস্য দপ্তরের এ উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন এবং তা অব্যাহত রাখার অনুরোধ করেন।

## মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ক প্রামাণ্যচিত্র প্রদর্শন

০১ সেপ্টেম্বর, ২০২১ খ্রি.

জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উদযাপন উপলক্ষ্যে কালীগঞ্জ বাজারে মৎস্য সেক্টরে বর্তমান সরকারের বিভিন্ন উদ্যোগ, অগ্রগতি ও মৎস্য উৎপাদন বৃদ্ধিতে করণীয় সম্পর্কে ভিডিও প্রদর্শন করা হয়। ভিডিও প্রদর্শনী শেষে মুক্ত আলোচনায় উপস্থিত বিভিন্ন স্তরের অংশীজনদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ হারুন-অর-রশিদ। মৎস্য আইন বাস্তবায়নে জনসচেতনতা সৃষ্টি করতে প্রত্যেক ইউনিয়নে এ ধরনের ভিডিও প্রদর্শনী ও আলোচনা সভার



আয়োজন করত মৎস্যজীবীদের পক্ষ হতে মৎস্য দপ্তরকে অনুরোধ জানানো হয়।

## কালিয়াকৈর উপজেলায় জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উদযাপিত

বেশি বেশি মাছ চাষ করি, বেকারত্ব দূর করি এই স্লোগানকে সামনে রেখে সারা দেশের ন্যায় কালিয়াকৈর উপজেলায় জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উদযাপিত হয়েছে।



সে উপলক্ষ্যে গত ২৮ আগস্ট হতে ০৩ সেপ্টেম্বর পর্যন্ত সপ্তাহব্যাপী উপজেলা মৎস্য দপ্তর, কালিয়াকৈর কর্তৃক বিভিন্ন কর্মকাণ্ড বাস্তবায়িত হয়েছে। এর মধ্যে মাইকিং, ব্যানার ও লিফলেট এর মাধ্যমে ব্যাপক প্রচারণা, সাংবাদিকদের সাথে মতবিনিময়, মাছের পোনা অবমুক্তি, ভিডিও প্রদর্শনী, মৎস্যচাষি ও মৎস্যজীবীদের সাথে মতবিনিময়, চাষিদের পুকুরের পানি পরীক্ষা, মৎস্যচাষিদের প্রশিক্ষণ, বিনামূল্যে মৎস্য খাদ্য বিতরণ উল্লেখযোগ্য।

## সাংবাদিকদের সাথে মতবিনিময়

২৮ আগস্ট, ২০২১ খ্রি.

জাতীয় মৎস্য সপ্তাহের ১ম দিন উপজেলা মৎস্য দপ্তর এর সাথে সাংবাদিকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিক উপস্থিত ছিলেন।




মৎস্য দপ্তরের সার্বিক কর্মকাণ্ড সাংবাদিকদের সামনে উপস্থাপন করেন উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ সলিমুল্লাহ্। উপস্থাপনা পরবর্তী মুক্ত আলোচনায় সাংবাদিকগণ মৎস্য সম্পদের সম্ভাবনা, সমস্যা ও উত্তোরণের বিষয়ে খোলামেলা আলোচনা করেন। মৎস্য সেক্টরে সরকারের অর্জনসমূহ মিডিয়ায় প্রচার এবং মৎস্য উৎপাদন বৃদ্ধিতে বিদ্যমান সমস্যা সমাধানে উপজেলা মৎস্য দপ্তর সাংবাদিকগণের সহযোগিতা চান।

## পোনা অবমুক্তির মাধ্যমে মৎস্য সপ্তাহের উদ্বোধন

২৯ আগস্ট, ২০২১ খ্রি.

জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উপলক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসার তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ; জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উদ্বোধন করেন।



উদ্বোধনী বক্তব্যে নির্বাহী অফিসার মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি, মৎস্যচাষিদের মাছচাষে উদ্বুদ্ধকরণ ও মুক্ত জলাশয়ের মাছ রক্ষায় সকলকে এগিয়ে আসার আহ্বান জানান। সভায় উপস্থিত অন্যান্য বক্তারা সমাজভিত্তিক মাছ চাষ ও জলাশয় ব্যবস্থাপনার জন্য স্থানীয় জনগণকে অনুরোধ জানান এবং উপজেলা প্রশাসনের পক্ষ হতে সহযোগিতার আশ্বাস প্রদান করেন উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর। অতঃপর উপজেলা মৎস্য সপ্তাহ উদযাপন কমিটি কর্তৃক ঘাটাখালি খালে রুই জাতীয় মাছের পোনা অবমুক্ত করা হয়। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ সলিমুল্লাহ্, উপজেলা ভাইস চেয়ারম্যান সেলিম আজাদ; উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জায়েদা নাসরিন; উপজেলা ম্যাধমিক শিক্ষা অফিসার; উপজেলা যুব উন্নয়ন অফিসার; উপজেলা পল্লী উন্নয়ন অফিসার; উপজেলার স্থানীয় নেতৃবৃন্দ।

## মৎস্যচাষি ও মৎস্যজীবীদের সাথে মত বিনিময়

৩০ আগস্ট, ২০২১ খ্রি.



কালিয়াকৈর মৌচাক ইউনিয়নে স্থানীয় মৎস্যচাষি ও মৎস্যজীবীদের সাথে মতবিনিময় করেছেন উপজেলা মৎস্য দপ্তর। গত অনুষ্ঠিত মতবিনিময় সভায় মৎস্য দপ্তরের বিভিন্ন স্তরের কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন। ক্ষেত্র সহকারী মোসলেহ উদ্দিন আহম্মদ এর সঞ্চালনায় মৎস্যচাষি, মৎস্যজীবী, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও কর্মকর্তাগণ বক্তব্য রাখেন।

## পুকুরের মাটি ও পানি পরীক্ষা

৩১ আগস্ট, ২০২১ খ্রি.



জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উপলক্ষ্যে সূত্রাপুর ইউনিয়নের ঢেকিবাড়ী চানপুর গ্রামে স্থানীয় মৎস্যচাষিদের পুকুরের পানি পরীক্ষা করেন উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ সলিমুল্লাহ্ এবং তাদের সহযোগিতা করেন মৎস্য দপ্তরের ক্ষেত্র সহকারী ও স্থানীয় লিফ। চাষিদের পুকুরের পানি পরীক্ষার পর প্রত্যেক চাষির পুকুরের বর্তমান অবস্থা ও পানি পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে সুনির্দিষ্ট পরামর্শ প্রদান করেন উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিয়াকৈর ।

## মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ক প্রামাণ্যচিত্র প্রদর্শন

০১ সেপ্টেম্বর ২০২১ খ্রি.

জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উদযাপন উপলক্ষ্যে মৌচাক ইউনিয়নের মাঝুখান বাজারে মৎস্য সেক্টরে বর্তমান সরকারের বিভিন্ন উদ্যোগ, অগ্রগতি ও মৎস্য উৎপাদন বৃদ্ধিতে করণীয় সম্পর্কে ভিডিও প্রদর্শন করা হয়।



ভিডিও প্রদর্শনী শেষে মুক্ত আলোচনায় উপস্থিত বিভিন্ন স্তরের অংশগ্রহনকারীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ সলিমুল্লাহ্।

### বিনামূল্যে মাছের খাদ্য বিতরণ

০১ সেপ্টেম্বর ২০২১ খ্রি.



জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১ উদযাপনের অংশ হিসেবে মৎস্য চাষীদের মৎস্যচাষ সংশ্লিষ্ট উপকরণ (মৎস্য খাদ্য) বিতরণ করেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর; উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর; ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর; মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর; উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিয়াকৈর, গাজীপুরসহ উপজেলার অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

## মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন ২০১০ বাস্তবায়ন

### গাজীপুরে লাইসেন্সবিহীন মৎস্য খাদ্য বিক্রয় করায় হাফছা খাদ্য ভান্ডারকে জরিমানা



গত ০৯ সেপ্টেম্বর, মৎস্য অধিদপ্তর গাজীপুর সদর ও গাজীপুর জেলা প্রশাসনের যৌথ সহায়তায় আজ সকাল ৬.৩০ হতে ৮.৩০ ঘটিকা পর্যন্ত চৌরাস্তা মৎস্য আড়ৎ ও কোনাবাড়ি মৎস্য আড়তে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ এর অধীনে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে কোন নিষিদ্ধ মাছ পাওয়া যায়নি। পরবর্তীতে হাড়িনাল বাজারে হাফছা খাদ্য ভান্ডারকে লাইসেন্স ব্যতীত মৎস্য খাদ্য বিক্রির অভিযোগে ৫০০০/- অর্থদন্ড করা হয়। মোবাইল কোর্ট পরিচালনা করেন জেলা প্রশাসনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব উম্মে হাবিবা ফারজানা। প্রসিকিউশন দায়ের করেন জনাব জান্নাতুন শাহীন, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গাজীপুর সদর। সার্বিক সহায়তায় ছিল অত্র দপ্তরের ক্ষেত্র সহকারীদ্বয় ও আনসার সদস্যরা।

### লাইসেন্সবিহীন মৎস্য খাদ্য তৈরির অভিযোগে প্রতিষ্ঠানকে জরিমানা

গত ১৩ সেপ্টেম্বর মৎস্য অধিদপ্তর গাজীপুর সদর ও গাজীপুর জেলা প্রশাসনের যৌথ সহায়তায় গাজীপুর সদর উপজেলার বাঘের বাজারে অবস্থিত মডার্ন ফিড মিল কর্তৃপক্ষকে লাইসেন্সবিহীন প্রতিষ্ঠানকে অবৈধভাবে খাদ্য তৈরিতে সহায়তা করায় মৎস্য খাদ্য ও পশু খাদ্য আইন, ২০১০ এর আওতায় ২০,০০০/- টাকা জরিমানা করা হয়।



মোবাইল কোর্ট পরিচালনা করেন জেলা প্রশাসনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব জেবুন নাহার । প্রসিকিউশন দায়ের করেন জনাব জান্নাতুন শাহীন, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গাজীপুর সদর। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গাজীপুর সদর বলেন গুণগত মানের মৎস্য খাদ্য উৎপাদনে মৎস্য অধিদপ্তর, গাজীপুরের এ ধরণের অভিযান অব্যাহত থাকবে।

## কাপাসিয়ায় মৎস্য খাদ্য কারখানায় অভিযান



মৎস্য খাদ্যের গুণগত মান নিশ্চিত করতে ছোঁয়া এগ্রো প্রোডাক্টস লি. (রূপসী বাংলা ফিড) এ অভিযান পরিচালনা করেন উপজেলা মৎস্য দপ্তর। গত ২৭ সেপ্টেম্বর সোমবার বিকাল ৩ টা হতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত এ অভিযান চলে। অভিযানের সময় ল্যাবরেটরিতে মেয়াদ উত্তীর্ণ রিএজেন্ট পাওয়া যাওয়ায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ হারুন-অর-রশিদ তা তাৎক্ষণিকভাবে উপস্থিত সকলের সামনে বিনষ্ট করেন। কাঁচামাল ও উৎপাদিত খাদ্য গুদামজাতকরণ, কাঁচামাল ব্যবস্থাপনা, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও তথ্য সংরক্ষণসহ সকল কর্মকান্ড নীতিমালা অনুযায়ী করা জন্য কারখানার ব্যবস্থাপককে নির্দেশ প্রদান করেন। প্রসঙ্গত, গত ২২ সেপ্টেম্বর আমরাইদ বাজারের মা ফিস ফিড নামক খুচরা খাদ্য দোকানে অভিযান চালান মৎস্য বিভাগ। সে সময় বড় ধরণের অসঙ্গতি পাওয়া যায়নি। তবে বিক্রেতাকে ফ্লোরের উপর পাটাতনে মৎস্য খাদ্য রাখার নির্দেশ প্রদান করেন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা। এ ধরণের কাযক্রম অব্যাহত থাকলে মৎস্যচাষিরা গুণগত মানসম্পন্ন মৎস্য খাদ্য পাবে এবং লাভ ধরে রাখতে পারবে।

## খাদ্য কারখানায় মোবাইল কোর্ট



ভেজাল মৎস্য খাদ্য নিয়ন্ত্রণে এবং মৎস্য খাদ্যের গুনগত মান নিশ্চিত করতে কাপাসিয়ার পাবুর গ্রামে অবস্থিত ক্রাউন এগ্রা ইন্ডাস্ট্রিজ লি. (এলিগেন্ট ফিড) এ অভিযান পরিচালনা করেন উপজেলা মৎস্য দপ্তর। গত ৩০ সেপ্টেম্বর বৃহস্পতিবার বিকাল ৩ টা হতে বিকাল ৫টা পর্যন্ত চলমান এ মোবাইল কোর্টে নির্বাহী ম্যাজিস্ট্রেট হিসেবে ছিলেন সহকারি কমিশনার (ভূমি) জনাব রুবাইয়া ইয়াসমিন।মৎস্য খাদ্য ও পশু খাদ্য আইন ২০১০ এর ৪ ধারা লঙ্ঘন অর্থ্যাৎ মৎস্য অধিদপ্তরের লাইসেন্স গ্রহণ ব্যাতিত মৎস্য খাদ্য উৎপাদন ও বিক্রির অপরাধে ২০ ধারায় প্রতিষ্ঠানটিকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা করেন নির্বাহী ম্যাজিস্ট্রেট। প্রতিষ্ঠানটির ডিজিএমকে ০৩ দিনের মধ্যে বাজারে বিদ্যমান খাদ্য প্রত্যাহারসহ অতি দ্রুততার সাথে মৎস্য অধিদপ্তরের লাইসেন্স গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হয়। এ ধরণের কাযক্রম অব্যাহত থাকলে মৎস্যচাষিরা গুণগত মানসম্পন্ন মৎস্য খাদ্য পাবে এবং লাভ ধরে রাখতে পারবে।

## শ্রীপুরে মৎস্য খাদ্য উৎপাদন কারখানা পরিদর্শন



শ্রদ্ধেয় জেলা মৎস্য কর্মকর্তা গাজীপুর জনাব মুহাম্মদ দেলোয়ার হোসেন মহোদয় এজি এগ্রো ফিড মিল লি., চকপাড়া, মাওনা, শ্রীপুর পরিদর্শন করেন এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন। এ-সময় সাথে ছিলেন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সহকারী মৎস্য কর্মকর্তা ও ফিড মিলের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

ল্যাবরেটরি পরিচালনা, গুদামজাতকরণ, কাঁচামাল ব্যবস্থাপনা, পরিষ্কার-পরিচ্ছন্নতা ও তথ্য সংরক্ষণ বিধিমালা অনুসারে করার জন্য কারখানার ব্যবস্থাপককে নির্দেশ প্রদান করেন।

মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন ২০১০ বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন পত্রিকায় প্রকাশিত খবরের অংশ বিশেষ:

দৈনিক ডেল্টা টাইমস্

সবার সাথে সব সময়

## কাপাসিয়ায় মৎস্য খাদ্য তৈরি কারখানায় ৫০ হাজার টাকা জরিমানা



কাপাসিয়া (গাজীপুর) প্রতিনিধি :
গাজীপুরের কাপাসিয়া উপজেলা লাইসেন্স ছাড়া মৎস্য খাদ্য উৎপাদন করে বাজারজাত করায় একটি কারখানাকে ৫০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত।

বৃহস্পতিবার( ৩০ সেপ্টেম্বর )বিকেলে উপজেলার কাপাসিয়া ইউনিয়নের পাবুর গ্রামের ক্রাউন এগ্রো লিমিটেড কারখানায় অভিযান পরিচালনা করেন সহকারী কমিশনার (ভূমি) রুবাইয়া ইসায়মিন।

সহকারী কমিশনার (ভূমি) রুবাইয়া ইয়াসমিন জানান, লাইসেন্স না থাকা সত্ত্বেও ক্রাউন এগ্রো মৎস্য খাদ্য উৎপাদন করে বাজারজাত করে আসছিল। অভিযোগের সত্যতা পেয়ে ২০১০ সালের মৎস্য খাদ্য ও পশু খাদ্য আইনের ২০ ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। একই সঙ্গে দ্রুত লাইসেন্স করতে কারখানার মালিককে নির্দেশ দেওয়া হয়েছে।

আজকের পত্রিকা

## কারখানাকে জরিমানা

গাজীপুরের কাপাসিয়ায় লাইসেন্স ছাড়া মৎস্য খাদ্য উৎপাদন ও বাজারজাত করায় একটি কারখানাকে ৫০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। গতকাল বৃহস্পতিবার বিকেলে কাপাসিয়া ইউনিয়নের পাবুর গ্রামের ক্রাউন অ্যাগ্রো লিমিটেড কারখানাকে এ জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রুবাইয়া ইসায়মিন। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা মৎস্য কর্মকর্তা হারুনুর অর রশিদ।

▪ কাপাসিয়া (গাজীপুর) প্রতিনিধি

## মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ বাস্তবায়ন

### বেলাই বিলে কারেন্ট জালবিরোধী অভিযানও জরিমানা



গত ১২ সেপ্টেম্বর মৎস্য অধিদপ্তর গাজীপুর সদর ও গাজীপুর জেলা প্রশাসনের যৌথ সহায়তায় মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ এর অধীনে বেলাই বিলে কারেন্ট জাল ও অন্যান্য নিষিদ্ধ জাল বিরোধী মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। অভিযানকালে নিষিদ্ধ কারেন্ট জাল দখলে থাকার অভিযোগে ৪ জনকে ১৪০০/- টাকা

জরিমানা করা হয় এবং আনুমানিক ২০০০ মিটার কারেন্ট জাল, ২ টি ম্যাজিক রিং চাই আটক করে জনসম্মুখে পুড়িয়ে ফেলা হয় । মোবাইল কোর্ট পরিচালনা করেন জেলা প্রশাসনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রট জনাব ওয়াসিউজ্জামান চৌধুরী । প্রসিকিউশন দায়ের করেন জনাব জান্নাতুন শাহীন, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গাজীপুর সদর। সার্বিক সহায়তায় ছিল অত্র দপ্তরের ক্ষেত্র সহকারীদ্বয় ও ব্যাটালিয়ন আনসার সদস্যরা।

### শ্রীপুরে মাছ বাজারে মোবাইল কোর্ট ও জরিমানা

গাজীপুরের শ্রীপুর উপজেলার গড়গড়িয়া মাস্টার বাড়ি মাছ বাজার ও মাওনা (হাট) মাছ বাজার এ অভিযান পরিচালনা করে ৩০ কেজি নিষিদ্ধ পিরানহা মাছ জব্দ করা হয়। একজন বিক্রেতাকে মোবাইল কোর্টের মাধ্যমে ৫০০০/- টাকা জরিমানা করা হয়। পরে সকলের উপস্থিতিতে পিরানহা মাছ পুড়িয়ে ধ্বংস করা হয় ।



নির্বাহী ম্যাজিস্ট্রেট হিসাবে ছিলেন জনাব মোঃ তরিকুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, প্রসিকিউটর হিসেবে ছিলেন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ আশরাফুল্লাহ। সহযোগিতায় ছিলেন পুলিশ প্রশাসনের টিম ও আনসার সদস্য। এছাড়াও ছিলেন সহকারী মৎস্য কর্মকর্তা ও অন্যান্য কর্মচারীবৃন্দ।

### কালিয়াকৈরে চায়না জাল, কারেন্ট জাল ও রাক্ষুসে জাল জব্দ




৭ সেপ্টেম্বর তারিখে মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে আলুয়া বিল, চাপাইর, কালিয়াকৈর, অভিযানপরিচালনা করে ১. চায়না জাল ৮ (আট)টি ২. কারেন্ট জাল ১০ (দশ)টি ৩. রাক্ষুসে জাল ১ (এক)টি জব্দ করা হয়।

### কালীগঞ্জে বেলাই বিলে মোবাইল কোর্ট ও নিষিদ্ধ কারেন্ট জাল জব্দ




গত ১৯ সেপ্টেম্বর উপজেলা মৎস্য দপ্তর, কালীগঞ্জ, গাজীপুরের উদ্যোগে বেলাই বিলে এক মোবাইল কোর্ট পরিচালনা করা হয় । এত নির্বাহী ম্যাজিট্রেট হিসেবে উপস্থিত ছিলেন জনাব শাহিনা আক্তার সহকারী কমিশনার (ভুমি) এ সময় ৭০০০ মিটার অবৈধ কারেন্ট জাল আটক করা হয়। আটককৃত জাল বক্তারপুর ইউনিয়নের বেরুয়া ব্রীজ সংলগ্ন স্থানে উপস্থিত জনসাধারণের উপস্থিতিতে ধ্বংস করা হয়। এ ব্যাপারে সার্বিক সহযোগীতা করেন ভারপ্রাপ্ত কর্মকর্তা কালীগঞ্জ থানা ও সহকারী কমিশনারের দপ্তরের কর্মচারি ও মৎস্য দপ্তরের কর্মচারি ও লিফ বক্তারপুর ইউনিয়ন।

**মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন পত্রিকায় প্রকাশিত খবরের অংশ বিশেষ:**



আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন
ঢাকা, মঙ্গলবার, ১৪ সেপ্টেম্বর, ২০২১

গাজীপুরের কালিয়াকৈর উপজেলার আষারিয়া বিলে দেশীয় মাছের প্রজনন ও পোনা মাছ রক্ষার্থে মঙ্গলবার সকালে উপজেলা মৎস্য অফিসের কর্মকর্তা একদল পুলিশ অভিযান চালিয়েছে।

অভিযানে ২৫শ' মিটার কারেন্ট জাল, ২৬টি সেট চায়না রিং জাল জব্দ করা হয়। পরে সেই জালগুলো নষ্ট করা হয়। অভিযানে নেতৃত্ব দেন উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ সলিমুল্লাহ।




**কালিয়াকৈরে অবৈধ কারেন্ট জাল জব্দ**

কালিয়াকৈর (গাজীপুর) প্রতিনিধি ▶▶

গাজীপুরের কালিয়াকৈরে উপজেলা মৎস্য বিভাগের ভ্রাম্যমাণ আদালত বিভিন্ন বিলে অভিযান চালিয়ে অবৈধ চায়না জাল জব্দ করেছে। গতকাল মঙ্গলবার ভোরে অভিযান চালিয়ে অবৈধ ২৫ হাজার মিটার কারেন্ট জাল ও ২৬টি চায়না জাল জব্দ করা হয়; যার বর্তমান বাজারমূল্য প্রায় দুই লাখ টাকা। মৎস্য বিভাগ সূত্র জানায়, উপজেলায় বিভিন্ন বিলে নিষিদ্ধ কারেন্ট জালের ব্যবহার বৃদ্ধি পাওয়ায় উপজেলা মৎস্য বিভাগের উদ্যোগে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে চাপাইর ইউনিয়নের আসারিয়া বিলে ভোর সাড়ে ৫টা থেকে সকাল ৯টা পর্যন্ত বিশেষ আভিযানে অবৈধ কারেন্ট জাল ২৫ হাজার মিটার, ২৬টি চায়না জাল (৩ হাজার ১২০ ফুট) জব্দ করা হয়েছে।

## মৎস্য হ্যাচারি আইন ২০১১ বাস্তবায়ন

### মৎস্য হ্যাচারি পরিদর্শন



বিগত ২৮ সেপ্টেম্বর কাপাসিয়ার ছোঁয়া ফিশারিজ এন্ড হ্যাচারি লি. নামীয় একমাত্র মনোসেক্স তেলাপিয়ার হ্যাচারির উৎপাদন কার্যক্রম পরিদর্শন করেন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ হারুন-অর-রশিদ। এ সময় তিনি হ্যাচারি শেড ও তার ব্যবস্থাপনা, ব্রুড মাছের পুকুর, ট্রিটমেন্ট পুকুর, ব্যবহৃত হরমোন ও অন্যান্য রাসায়নিক পদার্থসমুহ দেখেন এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন। মৎস্য উৎপাদনের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো ভালো মানের সীড (পোনা) ও ফিড। পোনার গুণগত মান ভাল না হলে সব কিছু করার পরও চাষিকে লোকসান গুনতে হতে পারে। মৎস্য অধিদপ্তর পোনার গুণগত মানের ব্যাপারে আপোসহীন এবং অত্যন্ত কঠোর অবস্থানে রয়েছে। পোনার গুণগত মান নিশ্চিত করতে সরকার মৎস্য হ্যাচারি আইন, ২০১০ ও মৎস্য হ্যাচারি বিধিমালা, ২০১১ করেছে এবং তা বাস্তবায়ন করছে। এক্ষেত্রে আইন লঙ্ঘনে ১ বছরের কারাদণ্ড বা সর্বোচ্চ ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত জরিমানা হতে পারে।

## মৎস্য সম্প্রসারণ কর্মকাণ্ড

### দেশীয় প্রজাতির ছোট মাছ প্রদর্শনী পুকুর পরিদর্শন

গত ০৫সেপ্টেম্বর মৎস্য অধিদপ্তর গাজীপুর সদর কর্তৃক স্থাপিত রাজস্ব বাজেটের আওতায়মির্জাপুর ইউনিয়নের কাইঞ্জানুল গ্রামে দেশীয় প্রজাতির ছোট মাছ প্রদর্শনী পুকুর পরিদর্শন করে পরামর্শ



প্রদান করা হয় এবং মির্জাপুর বাজারে মৎস্য খাদ্য বিক্রয়কারী প্রতিষ্ঠান পরিদর্শন ও লাইসেন্সবিহীন মৎস্য খাদ্য বিক্রয়কারী প্রতিষ্ঠানকে সতর্কীকরণ ও দ্রুত লাইসেন্স গ্রহণের জন্য বলা হয়।

### প্রদর্শনী পুকুর পরিদর্শন, নমুনায়ন ও পরামর্শ প্রদান



গত ১৬ সেপ্টেম্বর, ২০২১ খ্রি. ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় গাজীপুর সদর উপজেলার বাড়ীয়া ইউনিয়নের পাড়াগাও গ্রামে স্থাপিত পাবদা মাছ প্রদর্শনী পুকুর পরিদর্শন, নমুনায়ন ও পরামর্শ প্রদান করা হয়।

মাছের গড় ওজন: ১৮.৮ গ্রাম।পাওয়া যায়। মাছকে প্রতিদিন রাতে ও ভোরে ৮ কেজি হারে খাদ্য প্রদানের জন্য বলা হয়।

### পুকুর পরিদর্শন, মাছের রোগ নির্ণয় ও সমাধান, মাছের খাদ্য ব্যবস্থাপনা বিষয়ে পরামর্শ প্রদান।




গত ২২ সেপ্টেম্বর গাজীপুর মহানগরএর নীলের পাড়ায় অবস্থিত ৫টি পুকুর সরেজমিনে পরিদর্শন করে মাছের রোগ নির্ণয় ও সমাধান, মাছের খাদ্য ব্যবস্থাপনা বিষয়ে পরামর্শ প্রদান করেন সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গাজীপুরসদর।

### পাবদা মাছের প্রদর্শনী পুকুরে মাছ আহরণ



গত ২২ সেপ্টেম্বর রাজস্ব বাজেটে স্থাপিত গাজীপুর সদরের মির্জাপুর ইউনিয়নের কাইঞ্জানুল গ্রামে দেশীয় প্রজাতির ছোট মাছচাষ সম্প্রসারণ কার্যক্রমের অংশ হিসেবে পাবদা মাছের প্রদর্শনীর মাছ আহরণ করা হয়। মৎস্য খামারি মোঃ হুমায়ুন কবীর তার ৩০ শতক পুকুরে ২৫০০ লাইনের মোট ২০,০০০ পাবদার পোনা মজুদ করেছিল। তিনি ১৫১ দিন চাষকালে মাছের গড় ওজন পান ৪০ গ্রাম। এই মাছচাষ অত্যন্ত লাভজনক এবং ভবিষ্যতে তিনি আরও পুকুরে এ মাছ চাষ করবেন বলে জানান।

### শ্রীপুরে প্রদর্শনী খামার পরিদর্শন

ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ এর আওতায় গুলশা-পাবদা প্রদর্শনী,



হায়াতখারচালা, গোসিঙ্গা পরিদর্শন করেন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, গাজীপুর। পানি পরীক্ষা করে সকল প্যারামিটারগুলো স্বাভাবিক পাওয়া যায়। নমুনায়ন করে গুলশা ১০০টি/কেজি,পাবদা ৬০টি/কেজি পাওয়া যায়।

## পোনা অবমুক্তকরণ কর্মকান্ড

### কালীগঞ্জে মুক্তজলাশয়ে মাছের পোনা অবমুক্তকরণ

গত ৬ সেপ্টেম্বর ২০২১খ্রি. মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্ত কার্যক্রমের অংশ হিসাবে কালীগঞ্জ উপজেলায় তিনটি জলাশয়ে ২৭৭.৪২ কেজি রুই জাতীয় পোনা মাছ অবমুক্ত করা হয়। বক্তাপুর ইউনিয়নের বেরুয়া ব্রীজ সংলগ্ন প্লাবনভুমিতে রুই জাতীয় ১৫০



কেজি পোনামাছ অবমুক্ত করেন জনাব মেহের আফরোজ চুমকি মাননীয় সংসদ সদস্য গাজীপুর-৫ কালীগঞ্জ ও সভাপতি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয় সংক্রান্ত সাংসদীয় স্থায়ী কমিটি। এছাড়া বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মুহাম্মদ দেলোয়ার হোসেন, জেলা মৎস্য কর্মকর্তা, গাজীপুর। জনাব মোঃ শিবলী সাদিক উপজেলা নির্বাহী অফিসার কালীগঞ্জ গাজীপুর এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসাবে আরও উপস্থিত ছিলেন জনাব মোয়াজ্জেম হোসেন পলাশ চেয়ারম্যান উপজেলা পরিষদ কালীগঞ্জ গাজীপুর মোকসেদুর রহমান ও শর্মিলী রোজারিও ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ কালীগঞ্জ গাজীপুর। এ সময় বক্তারা মাছ চাষে বর্তমান সরকারের গৃহীত পদক্ষেপ সমুহের প্রশংসা করেন।কর্মসংস্থানের জন্য বেকার যুবকদের মাছ চাষে সম্পৃক্ত হওয়ার আহবান জানান।এ ব্যাপারে মৎস্য বিভাগকে কাযকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। অতঃপর উপজেলা পরিষদ পুকুরে ৬৫ কেজি ও পৌর ভুমি অফিস পুকুরে ৬২.৪২ কেজি পোনা মাছ অবমুক্ত করা হয়।

## কালিয়াকৈর উপজেলায় পোনামাছ অবমুক্তকরণ



গত ০৬ সেপ্টেম্বর তারিখে প্রাকৃতিক জলাশয়ে মৎস্যসম্পদ বৃদ্ধির লক্ষ্যে উপজেলার ৮৮২.৮২ হেক্টর উন্মুক্ত ও প্রাতিষ্ঠানিক জলাশয়ে ৪০১.৬১ কেজি রুই জাতীয় মাছের পোনা অবমুক্ত করা হয়। ঘাটাখালি খাল, বঙ্গাবন্ধু হাইটেক পার্ক পুকুর, আনসার একাডেমী পুকুর, স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, এলাকা এই পোনা অবমুক্তকরনের আওতায় ছিলো।

উন্মুক্ত জলাশয়ে প্রাকৃতিক মৎস্য সম্পদ বৃদ্ধিতে এই কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। মাছের উৎপাদন বৃদ্ধি ও কর্মসংস্থানে এই কার্যক্রম সহায়ক ভূমিকায় অবতীর্ণ হয়েছে।

## গাজীপুর সদর উপজেলায় মাছের পোনা অবমুক্তকরণ

গত ০৭ সেপ্টেম্বর মৎস্য অধিদপ্তরের রাজস্ব বাজেটের আওতায় গাজীপুর সদর উপজেলার ৫ টি প্রাতিষ্ঠানিক জলাশয়ে ২৪০ কেজি রুই জাতীয় মাছের পোনা অবমুক্ত করা হয়। উপজেলা পরিষদ পুকুর, র‍্যাব ফোর্সেস ট্রেনিং স্কুল লেক, ২০৩, রক্ষণাবেক্ষণ ইউনিট, বাংলাদেশ বিমান বাহিনী পুকুরে মাছের পোনা অবমুক্ত করেন জনাব মুহাম্মদ দেলোয়ার হোসেন, জেলা মৎস্য অফিসার, ড. মোঃ সাখাওয়াত হোসেন ভুঁইয়া, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, এডভোকেট রীনা পারভীন, সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান,



আব্দুল্লাহ আল জাকী, উপজেলা নির্বাহী অফিসার, সদর গাজীপুর। এছাড়া সিনিয়র উপজেলা মৎস্য অফিসের কর্মকর্তা-কর্মচারী, অন্যান্য অফিসারবৃন্দ, সুফলভোগী সদস্যবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।